



EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
MANAMA, KINGDOM OF BAHRAIN



সংবাদ বিজ্ঞপ্তি

বাহরাইনে সাড়ম্বরে স্বাধীনতা ও জাতীয় দিবসের ৫১তম বার্ষিকী উদযাপন

মানামা, বাহরাইন, ২৬ মার্চ ২০২২

বাংলাদেশ দূতাবাস, মানামা যথাযোগ্য মর্যাদায় ও আনন্দ মুখর পরিবেশে স্বাধীনতা ও জাতীয় দিবসের ৫১তম বার্ষিকী উদযাপন করেছে। অনুষ্ঠানের প্রথম পর্বে স্থানীয় সময় সকাল ৯টায় দূতাবাস প্রাঙ্গণে বাহরাইনে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত ড. মুহাম্মদ নজরুল ইসলাম বাংলাদেশ কমিউনিটির সদস্য, সাংবাদিক, বাংলাদেশ স্কুলের ছাত্র-ছাত্রী ও দূতাবাসের কর্মকর্তা-কর্মচারী এবং তাদের পরিবারের সদস্যদের সাথে নিয়ে জাতীয় পতাকা উত্তোলনের মাধ্যমে দিনের কর্মসূচির সূচনা করেন। অনুষ্ঠানে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করা হয় এবং রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রী ও পররাষ্ট্র প্রতিমন্ত্রী কর্তৃক প্রদত্ত বাণী পাঠ করা হয়। এরপর মহান স্বাধীনতা দিবসের উপর এক উন্মুক্ত আলোচনা অনুষ্ঠিত হয়।

রাষ্ট্রদূত ড. মুহাম্মদ নজরুল ইসলাম তাঁর বক্তব্যের শুরুতে শ্রদ্ধার সাথে স্মরণ করেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে ও মুক্তিযুদ্ধে যারা শাহাদাত বরণ করেছে সে সকল শহীদেরকে। তিনি বলেন, জাতির পিতা বঙ্গবন্ধুর আত্ম ত্যাগ, অপরিসীম সাহস এবং সঠিক দিকনির্দেশনার ফসল হিসাবে অর্জিত হয়েছে স্বাধীন-সার্বভৌম বাংলাদেশ এবং তাঁরই নির্দেশিত পথ অনুসরণ করে তাঁর সুযোগ্য কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে উন্নত রাষ্ট্রে রূপান্তর করতে নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। তিনি আরো বলেন, প্রধানমন্ত্রীর সফল নেতৃত্বে দেশে আজ শতভাগ বিদ্যুৎ নিশ্চিত করা সম্ভব হয়েছে এবং আমরা আমাদের নিজস্ব অর্থায়নে পদ্মা সেতু নির্মাণে সক্ষম হয়েছি। রাষ্ট্রদূত বঙ্গবন্ধুর চিন্তা চেতনা, দর্শন ও আদর্শকে বুকে ধারণ করে তাঁর স্বপ্নের সোনার বাংলা গড়ার ক্ষেত্রে সকল প্রবাসীদেরকে একযোগে কাজ করার জন্য আহ্বান করেন। অনুষ্ঠানের প্রথম পর্ব শেষে মহান স্বাধীনতায়ুদ্ধে যারা শহিদ হয়েছেন তাদের পাশাপাশি বঙ্গবন্ধু ও তাঁর পরিবারের সকল শহিদের আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ মোনাজাত করা হয়।

অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে থাকে বাহরাইনস্থ বাংলাদেশ স্কুলের ছাত্র-ছাত্রী এবং বাংলাদেশ কমিউনিটির সদস্যদের অংশগ্রহণে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। তাঁরা দেশাত্মকবোধক গান, নৃত্য ও আবৃত্তি পরিবেশন করে এবং তাদের সুন্দর পরিবেশনায় উপস্থিত সকলে মুগ্ধ হয়। রাষ্ট্রদূত সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণকারী সকলকে মনোমুগ্ধকর পরিবেশনার জন্য ধন্যবাদ দেন এবং তাদের মাঝে পুরস্কার বিতরণ করেন। সবশেষে অনুষ্ঠানে আগত অতিথিদের দেশীয় খাবারে আপ্যায়ন করা হয়।

উল্লেখ্য, মহান স্বাধীনতা দিবস উপলক্ষে দূতাবাসের পৃষ্ঠপোষকতায় বাহরাইনের বহুল প্রচারিত ইংরেজী Gulf Daily News (GDN) বিশেষ ক্রোড়পত্র প্রকাশ করেছে এবং বাহরাইনে সর্বাধিক পঠিত আরবী পত্রিকা 'আল আখবারুল খালীজ' রাষ্ট্রদূতের বিশেষ সাক্ষাৎকার প্রকাশ করেছে। রাষ্ট্রদূত ড. ইসলাম তাঁর সাক্ষাৎকারে বাংলাদেশ ও বাহরাইনের মধ্যকার দ্বি-পাক্ষিক সম্পর্ক বৃদ্ধিসহ, ব্যবসা-বাণিজ্য ও বিনিয়োগের সম্ভাবনাময় খাত নিয়ে আলোচনা করেন।

মুজিববর্ষেরকূটনীতি ৷ প্রগতিও সম্প্রীতি

Mujib Year's Diplomacy 1 Friendship & Prosperity

Address: House # 71, Qufool Avenue, Salihiya # 356, P.O. Box # 26718, Manama, Bahrain
Tel: 973-17233925 Fax: 973-17233683, 973-17232819, E-mail: mission.manama@mofa.gov.bd
Website: www.bdembassy.org.bh

